



INTERNATIONAL SERVICE
FOR THE ACQUISITION
OF AGRI-BIOTECH
APPLICATIONS



Bengali Version

সেপ্টেম্বর ০৭, ২০১৬ ইং

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়

অস্ট্রেলিয়ার OGTR জিএম তুলার বাণিজ্যিক ছাড়ের জন্য মতামত আহ্বান করেছে

অস্ট্রেলিয়ার জিন প্রযুক্তি রেগুলেটর অফিস (OGTR) মোনসানতো অস্ট্রেলিয়া হতে প্রাপ্ত লাইসেন্স আবেদন DIR 145 মূল্যায়নের জন্য সাধারণ জনগণের মতামত আহ্বান করা হয়েছে। এই আবেদনে দুই ধরনের জেনেটিক্যালি মডিফাইড তুলা যেমন Xtend Flex™ এবং Bollgard® 3 Xtend Flex™ এর বাণিজ্যিক ছাড়ের কথা বলা হয়েছে। Xtend Flex™ জাতটি মডিফাইড করা হয়েছে গ্লাইপোসেট, গ্লোফোসিনেট এবং ডিকামবা নামক হার্বিসাইডের প্রতি সহনশীল করার জন্য।

জাতটি জেনেটিক্যালি মডিফাইড করা হয়েছে পোকামাকড় আক্রমনরোধী এবং তিন ধরনের হার্বিসাইড সহনশীল করার জন্য। জিএম তুলার এই প্রস্তাবিত বাণিজ্যিক ছাড় সমগ্র অস্ট্রেলিয়াব্যাপি হবে। এই জিএম তুলা থেকে উৎপাদিত পণ্য অন্যান্য নন-জিএম তুলা এবং বাণিজ্যিকভাবে অনুমোদনপ্রাপ্ত জিএম তুলার ন্যায় ব্যবহার হবে। এই মতামত অক্টোবর ২৬, ২০১৬ পর্যন্ত গ্রহণ করা হবে।

অধিক পরিমাণে জানার জন্য OGTR ওয়েবসাইডের DIR 145 ডকুমেন্ট পড়ুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14731>

ইন্ডিয়ান টেকনিক্যাল কমিটির মতে বায়োটেক সরিষা নিরাপদ

ইন্ডিয়ান জেনেটিক ইঞ্জিনিয়ারিং এপ্রাইজাল কমিটির (GEAC) একটি টেকনিক্যাল সাব-কমিটি বলেছে যে, বায়োটেক সরিষা (Dhara Mustard Hybrid 11 or DMH-11) “মানুষ অথবা প্রাণীর কোন ধরনের স্বাস্থ্য ঝুঁকি বা নিরাপত্তার প্রশ্ন তুলে নাই”। সাব-কমিটি ফসলের নিরাপত্তার বিষয়টি মূল্যায়ন করে *এসেসম্যান্ট অব ফুড এন্ড এনভাইরনমেন্টাল সেপটি* (AFES) শিরোনামে একটি রিপোর্ট প্রকাশ করে এবং এটির উপর পাবলিক মতামতের জন্য সেটি পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রনালয়ের (MOEF&CC) ওয়েবসাইটে প্রকাশ করে। এই মতামত প্রদানের সময়সীমা দেওয়া হয়েছে সেপ্টেম্বর ৫ থেকে অক্টোবর ৫, ২০১৬।

ইন্ডিয়ান প্রথম বায়োটেক সরিষা হাইব্রিড DMH-11 প্রথম ইউনিভার্সিটি অফ দিল্লির সাউদ ক্যাম্পাস ১৯৯৬ থেকে ২০১৫ সালের মধ্যে আবিষ্কার করে। এই প্রকল্পটিই প্রথম জনগনের কাছে খাবার উপযোগী তৈল যা বায়োটেক ফসল উন্নয়নের মাধ্যমে তৈরী করা হয়, আর এই প্রকল্পটিতে অর্থ সহায়তা করেছে ভারতের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের (MOST) বায়োটেকনোলজী বিভাগ, এবং জাতীয় ডেইরী উন্নয়ন বোর্ড - দুধ, দক্ষজাত পণ্য, এবং জনপ্রিয় খাদ্য উপযোগী সরিষা তৈল “ধারা” উৎপাদনের জন্য ভারতের সর্ববৃহৎ উৎপাদক।

এ ব্যাপারে MoEFCC এ মতামত পাঠানোর জন্য ই-মেইল ঠিকানা mustard.mef@gov.in ব্যবহার করতে বলা হয়েছে। এ ব্যাপারে ডকুমেন্ট, এবং মতামতের জন্য প্রোফরমা MOEF&CC website ওয়েবসাইটে পাওয়া যাবে।



ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14748>

সেপ্টেম্বর ১৪, ২০১৬ ইং

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়

খাট জীন সমৃদ্ধ নতুন গমের জাতসমূহ আশা জাগিয়েছে

ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার কৃষি ও খাদ্য বিভাগ কমনওয়েলথ সায়েন্টিফিক এন্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ অর্গানাইজেশন (CSIRO) কর্তৃক আবিষ্কৃত নতুন গমের লাইনের মাঠ পরীক্ষা করেছে। উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ড. বব ফ্রেপ্স বলেন যে, নতুন লাইন অলটারনেটিভ খাট জীনসমূহ বহন করে যেগুলোর লম্বা কলিওপটাইল লেছ থাকে, পয়েন্টেট প্রতিরোধী সীথ যা নতুন গজানো কাণ্ড ঢেকে রাখে এর কারণ হলো এগুলো বীজ থেকে উৎপন্ন হয়ে মাটির পৃষ্ঠ বিরাজমান থাকে।

ড. ফ্রেপ্স বলেন যে, অস্ট্রেলিয়ান জাতে খাট জীনসমূহ যেমন, Rht1 এবং Rht2 এর সংযোজন এমন ধরনের গমের সৃষ্টি হয় যা চলে পড়ারোধী এবং উচ্চ ফলনসম্পন্ন। এই জীনসমূহের প্রভাবে যেখানে পূর্বে ফসলের কলিওপটাইল দৈর্ঘ্য ৫০-৮০ মিলিমিটারের কম ছিল সেখানে ফসল ৮০ মিলিমিটারের ও বেশী গভীরে বপন করলেও গজাতে পারে।

CSIRO লাইন Rht8 জীন সমৃদ্ধ, বয়স্ক ও লম্বা জাত যার লম্বা কলিওপটাইল রয়েছে তার সহিত ব্যাক-ক্রসড করা হয়েছে। ড. ফ্রেস এর মতে, দুট ট্রায়েল এ একটি ছোট উদ্ভিদেও সেট দেখায় যে, লম্বা কলিওপটাইল সমৃদ্ধ উদ্ভিদগুলো গুরুত্বপূর্ণভাবে গভীরভাবে বহন করলেও গজাতে পারে।

অধিক জানার জন্য [Government of Western Australia website](http://www.governmentofwesternaustralia.gov.au) এ প্রকাশিত খবর পড়ুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14733>

সাউদ এশিয়া বায়োটেকনোলজী সেন্টার জিই সরিষা কে সাপোর্ট দেওয়ার জন্য জনগণের মতামত আহ্বান করেছে

সাউদ এশিয়া বায়োটেকনোলজী সেন্টার (SABC) জনগণের কাছে বারনেস-বারস্টার প্রযুক্তি এবং জেনেটিক্যালি ইঞ্জিনিয়ারড (GE) সরিষা হাইব্রিড DMH-11 সম্পর্কে ইন্ডিয়ার পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে (MOEF) অনুকূলে মতামত দেওয়ার জন্য আহ্বান করেছে। বারনেস-বারস্টার প্রযুক্তি এবং জেনেটিক্যালি ইঞ্জিনিয়ারড (GE) সরিষা হাইব্রিড DMH-11 ভারতের নিয়ন্ত্রনকারী এজেন্সি বিগত দশক ধরে সক্রিয়ভাবে বায়োসেপ্টির জন্য মুর্যায়ন করে আসছে এবং এতে দেখা গেছে যে, এটি প্রচলিত সরিষার মতো নিরাপদ এবং জনস্বাস্থ্য অথবা মানুষ কিংবা প্রানি বা পরিবেশের জন্য নিরাপত্তার ব্যাপারে কোন প্রশ্ন তুলে নাই।



ইন্ডিয়ার জেনেটিক ইঞ্জিনিয়ারিং এপ্রোইজাল কমিটির (GEAC) একটি টেকনিক্যাল সাব-কমিটি জিই সরিষার নিরাপত্তার ব্যাপারে সার্বিকভাবে মূল্যায়ন করে এবং এসেসম্যান্ট অভ ফুড এন্ড এনভাইরনমেন্টাল সেইপ্টি (AFES) শীর্ষক একটি রিপোর্ট প্রকাশ কও যা MOEF&CC এর ওয়েবসাইটে প্রকাশিত হয় যাতে জনগন সেপ্টেম্বর ০৫ থেকে অক্টোবর ০৫, ২০১৬ এর মধ্যে মতামত প্রদান করতে পারে। জনগণের মতামতসমূহ ভারতের ৬ মিলিয়ন সারষা চাষীর জন্য খুবই গুরুত্বপূর্ণ যাদের কম উৎপাদনের অভিজ্ঞতা রয়েছে। এই কৃষকদের প্রয়োজন জিই সরিষার ব্যাপারে জানা এবং ব্রাসিকা ব্রিডিং গবেষণা দল কর্তৃক বারনার-বারস্টার প্রযুক্তি ব্যবহার করা যেন তারা ভালমানের সরিষা হাইব্রিডের উন্নয়ন করতে পারে।

SABC ক্যাম্পেইন "[Support High-Yielding GE Mustard Technology](http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14773)" ভিজিট করার মাধ্যমে মতামত পাঠানো যাবে।

অধিক জানার জন্য [campaign on GE Mustard Technology](http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14773) তে যোগ দিন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14773>

আফ্রিকা

ক্যালিস্টাস জুমার নতুন বইয়ে বায়োটেকের মতো নতুন প্রযুক্তি গ্রহণে মানুষ কেন বাধা প্রদান করে তা ব্যাখ্যা করেছেন

হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ক্যালিস্টাস জুমা তার নতুন বই *Innovation and Its Enemies: Why People Resist New Technologies* এ পরীক্ষা করে প্রকাশ করেছেন যে, মানুষ কেন নতুন প্রযুক্তির যেমন বায়োটেকনোলজীর প্রতি অনীহা প্রকাশ করে।

এই বইয়ের কিছু অধ্যায়ে [GMOs](#) যেমন ট্রানজেনিক ফসল এবং জিই সালমন সম্পর্কিত বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা করা হয়েছে। জুমার মতামত অনুযায়ী, মানুষ নতুন কলাকৌশলকে অবগতা করার কারণ এর নতুনত্ব নয়, বরং এটি এমন কিছুর আবির্ভাব কবে যা তাদের জীবনকে অসুবিধায় ফেলে দেয়। নতুন কলাকৌশলের এমন একটি প্রবণতা আছে যে যা মানুষকে প্রকৃতি থেকে আলাদা কবে দেয় অথবা তাদের উদ্দেশ্য থেকে বিচ্ছিন্ন কবে দেয় যা মানুষের জন্য খুবই গুরুত্বপূর্ণ।

জুমার বই লিখার চিন্তাধারা শুরু হয় বিগত ১৯৯০ সালে যখন তিনি জিএম ফসল প্রবিধান নিয়ন্ত্রনের ব্যাপারে আন্তর্জাতিক আলোচনার সাক্ষী হিসেবে ছিলেন। তিনি বাধাপ্রদানকারী দলে সমূহের যুক্তিসমূহ শুনে এবং অনুধাবন করেন যে, যদিও তাদের সমবর্তিত মতামত রয়েছে, তবে তাদের উভয়েরই একটি সাধারণ লক্ষ্য ছিল।

[Oxford University Press](#) থেকে বইয়ের কপি পেতে পারেন। [Genetic Literacy Project](#) এবং [The Washington Post](#) হতে বইটি সম্পর্কে অধিক জানতে পারবেন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14781>

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়

অস্ট্রেলিয়ার OGTR জিএম ইন্ডিয়ান সরিষার মাঠ পরীক্ষণের জন্য মতামত আহ্বান করেছে

অস্ট্রেলিয়ার জীন প্রযুক্তি নিয়ন্ত্রকের অফিস (OGTR) জনগণের কাছ থেকে মতামত আহ্বান করেছে যাতে তারা জেনেটিক্যালি মডিফাইড ইন্ডিয়ান সরিষার মাঠ পরীক্ষণের জন্য Nuseed Pty Ltd কোম্পানি যে লাইসেন্স আবেদন DIR 149 করেছে তা মূল্যায়ন করতে পারে।

পরীক্ষণটি এপ্রিল ২০১৭ থেকে মে ২০২২ সালের মধ্যে সংগঠিত করা হবে, এবং পরীক্ষণের মাঠগুলো নিউ সাউদ ওয়ালেস, ভিকটোরিয়া, এবং কুইন্সলেন্ড এর ৯৯টি সম্ভাব্য সরকারী এলাকা থেকে নির্বাচন করা হবে। পরীক্ষণটি মূলত কিছু নিয়ন্ত্রণ পদ্ধতি সম্পর্কিত যা জিএম উদ্ভিদ এবং তাদের দ্বারা পরিচিত জেনেটিক মেটেরিয়ালের বিস্তার ও স্থায়িত্ব কে বাধাগ্রস্ত করে। জিএম ইন্ডিয়ান সরিষা মানুষের খাদ্য কিংবা প্রাণির খাদ্য হিসেবে ব্যবহৃত হবে না।

এই জীন রেগুলেটরটি আবেদনের জন্য একটি ঝুঁকি মূল্যায়ন ও ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরী করছে যা জনগণের মতামত, বিশেষজ্ঞগণ, এজেন্সি এবং বিভিন্ন সংস্থার উপদেশসমূহ নভেম্বর ২০১৬ এর মধ্যে পাওয়া যায়।

অধিক জানার জন্য OGTR ওয়েবসাইটে বিদ্যমান DIR 149 ডকুমেন্টস পড়ুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14769>

জিএম উদ্ভিদের বাণিজ্যিক প্রসারের জন্য OGTR নতুন আবেদন ফর্ম ইস্যু করেছে

অস্ট্রেলিয়ার জীন প্রযুক্তি নিয়ন্ত্রকের অফিস (OGTR) একটি নতুন আবেদন ফর্ম ইস্যু করেছে যা বিশেষকরে জেনেটিক্যালি মডিফাইড (GM) উদ্ভিদের বাণিজ্যিক প্রসারের জন্যঃ *Application for a licence for dealings involving intentional release (DIR) of GM plants into the environment – commercial release.*

নতুন ফর্মটি জেনেটিক্যালি মডিফাইড (GM) উদ্ভিদের বাণিজ্যিক প্রসারের জন্য ব্লকি এনালাইসিস করার জন্য সুনির্দিষ্ট তথ্যের ব্যাপারে প্রয়োজনীয় বিজ্ঞান সম্পর্কিত প্রশ্ন সম্বলিত। অধিকন্তু এই নতুন ফর্মটি একটি লিংক প্রদান করে যাতে সম্ভাব্য প্রশ্নের উত্তর দেওয়া থাকে যা থেকে আবেদনটি পূরণে এবং তথ্য প্রদানে সহায়তা পাওয়া যায়।

অধিক জানার জন্য OGTR ওয়েবসাইটে ভিজিট করুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14770>

সেপ্টেম্বর ২৮, ২০১৬ ইং

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়

অস্ট্রেলিয়ার OGTR জিএম আলুর মাঠ পরীক্ষণের জন্য মতামত আহ্বান করেছে

অস্ট্রেলিয়ার জীন প্রযুক্তি নিয়ন্ত্রকের অফিস (OGTR) জনগণের কাছ থেকে মতামত আহ্বান করেছে যাতে তারা রোগ প্রতিরোধী জেনেটিক্যালি মডিফাইড (GM) আলুর মাঠ পরীক্ষণের জন্য কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি অফ টেকনোলজী (QUT) যে লাইসেন্স আবেদন DIR 150 করেছে তা মূল্যায়ন করতে পারে।

মাঠ পরীক্ষণটি ফেব্রুয়ারী ২০১৭ থেকে জানুয়ারী ২০১৯ সালের মধ্যে সংগঠিত করা হবে, এবং পরীক্ষণটি রেডল্যান্ড শহর, এবং কুইন্সল্যান্ড এর ০.১ হেক্টরের ১টি এলাকায় সংগঠিত করা হবে। পরীক্ষণটি মূলত কিছু নিয়ন্ত্রণ পদ্ধতি সম্পর্কিত যা জিএম উদ্ভিদ এবং তাদের দ্বারা পরিচিত জেনেটিক মেটেরিয়ালের বিস্তার ও স্থায়িত্ব কে বাধাগ্রস্ত করে। জিএম আলু মানুষের খাদ্য কিংবা প্রাণির খাদ্য হিসেবে ব্যবহৃত হবে না।

এই জীন রেগুলেটরটি আবেদনের জন্য একটি ব্লকি মূল্যায়ন ও ব্লকি ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরী করেছে যা জনগণের মতামত, বিশেষজ্ঞগণ, এজেন্সি এবং বিভিন্ন সংস্থার উপদেশসমূহ নভেম্বর ২০১৬ এর মধ্যে পাওয়া যায়।

অধিক জানার জন্য OGTR ওয়েবসাইটে বিদ্যমান DIR 150 ডকুমেন্টস পড়ুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14771>

বৈজ্ঞানিকগণ এমন একটি প্রোটিন আবিষ্কার করেছেন যা উদ্ভিদকে লবণাক্ততা সহনীয় করতে সাহায্য করে

ইউনিভার্সিটি অফ এডিলেড এর বৈজ্ঞানিকগণ এমন একটি প্রোটিনের আবিষ্কার করেছেন যা প্রাণীর লবনের ভারসাম্য বজায় রাখার পাশাপাশি উদ্ভিদের ক্ষেত্রেও সমভাবে কাজ করে। তাদের ফলাফল *Plant Cell and Environment* জার্নালে প্রকাশিত হয়েছে যা বৈজ্ঞানিকগণকে অধিক লবণাক্ত অবস্থায় এবং পানি স্বল্প অবস্থায় উদ্ভিদকে মডিফাই করতে সাহায্য করে।

একোয়ামপোরিনস্ নামক প্রোটিনসমূহ উদ্ভিদ ও প্রাণি উভয়েই বিদ্যমান থাকে। এগুলো রন্ধের মতো কাজ করে এবং মেমব্রেন এ পানি পরিবহন করে কোষের পানির পরিমাণ নিয়ন্ত্রণ করে ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। প্রফেসর স্টিভ টায়ারম্যান, এই গবেষণার প্রধান গবেষক এর মতে, প্রোটিন একোয়ামপোরিনস্ কিডনিতে পানি ফিল্ট্রেশন এর কাজ করে যেখানে উদ্ভিদের ক্ষেত্রে উদ্ভিদের মধ্যে প্রবাহিত পানি ফিল্টার করে। আবার, কোন কোন ক্ষেত্রে, কিছু একোয়ামপোরিনস্ এদের মধ্যে দিয়ে সোডিয়াম আয়ন চলাচলে সহায়তা করে।

বৈজ্ঞানিকগণ অবাক হয়েছেন এই ভেবে যে, এতে কোন ধরনের রন্ধ উদ্ভিদের মূলে লবণ পরিবহনে সহায়তা করে। এক্ষেত্রে মুঁ ডাবল ভেরেন্ডে ধরনের একোয়ামপোরিন এর অস্থিত পেয়েছেন, আর সম্ভবত এরাই কাজ করে।

[University of Adelaide](#) হতে পড়ুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14799>

ভিয়েতনামের মাঠ পরীক্ষণের এলাকায় জিএম ছত্রী সংগ্রহ করা হয়েছে

ভিয়েতনামের ডাক লাক এবং বা রিয়া-ভুন টাউ প্রদেশে তিন মাস পূর্বে শুরু হওয়া মাঠ পরীক্ষণের পর যা এপ্রিল ২০১৬ তে শুরু হয়েছিল, বিটি ছত্রী ([MIR162](#)) সংগ্রহ করা হয়েছে। ফসল সংগ্রহের পর, সরকারী নীতি অনুযায়ী সকল বী ধবংশ করা হয়েছে। প্রাকৃতিক সম্পদ এবং পরিবেশ মন্ত্রনালয়, কৃষি এবং গ্রামীণ উন্নয়ন মন্ত্রনালয়, এবং অন্যান্য এজেন্সির প্রতিনিধিগণ এ সময় উপস্থিত থেকে নিশ্চিত করেছেন যে, জিএম ফসল পরীক্ষণের সময় ফসল রোপন এবং সংগ্রহে সকল ধরনের জৈবনিরাপত্তা অনুসরণ করা হয়েছে। এই মাঠ পরীক্ষণটি সিনজেনটা ভিয়েতনাম দ্বারা সম্পাদন করা হয়েছে।

অপরপক্ষে, পাইওনিয়ার হার্বিড ভিয়েতনাম কোম্পানি লিঃ, এবং এগ্রিকালচারাল জেনেটিকস্ ইনস্টিটিউট কিছু সুনির্দিষ্ট মাঠ পরীক্ষণসমূহ যেগুলো ভেন জিয়াং পরীক্ষা স্টেশন, লিয়েন এনগিয়া কমিউনি, ভেন জিয়াং জেলা, হুন ইয়েন প্রদেশে স্থাপিত সেগুলো থেকে বিটি ছত্রী ([MON810](#)) সংগ্রহ করে। সরকারী এজেন্সি এবং স্থানীয় সংস্থা সমূহের প্রতিনিধিগণ ফসল সংগ্রহের সময় উপস্থিত থেকে পর্যবেক্ষণ করেন, এদের মধ্যে রয়েছে, বায়োডাইভার্সিটি কনজারভেশন বিভাগ, বিজ্ঞান, প্রযুক্তি এবং পরিবেশ বিভাগ, কৃষি ও গ্রামীণ উন্নয়ন মন্ত্রনালয়ের জৈব নিরাপত্তা কমিটি, হুন ইয়াং প্রদেশের কৃষি ও গ্রামীণ উন্নয়ন বিভাগ, এবং প্রাকৃতিক সম্পদ এবং পরিবেশ ডিভিশন।



MIR162 এবং MON810 এর মাঠ পরীক্ষণ সম্পর্কে অধিক পড়ুন।

ভিজিট করুন <http://www.isaaa.org/kc/cropbiotechupdate/article/default.asp?ID=14810>